



বিজ্ঞপ্তি

নম্বর : ৯৮

তারিখঃ

২৪/১১/২৫

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০৩/২০২৫ তারিখ হতে ১০/০৪/২০২৫ তারিখ পর্যন্ত (www.nu.edu.bd/admissions) এ প্রবেশ করে আবেদন ফরম অনলাইনে পূরণ সাপেক্ষে প্রিন্ট কপি নিতে হবে। আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং "রকেট" এর মাধ্যমে জমা দিতে হবে। আবেদন ফরম সকাল ১০.০০ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি কমিটির নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ শ্রেণী শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ত্রয়ো প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ শ্রেণী এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ শ্রেণী শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষ স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স নিয়মিত/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। হৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্থান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী হৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

০২। এই কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অধিভুক্ত বিষয় সমূহ

কোর্সের নাম	বিষয়
মাস্টার্স শেষ বর্ষ নিয়মিত	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামি শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, মার্কেটিং, সমাজবিজ্ঞান ও গণিত।

০৩। অনলাইনে আবেদন প্রিন্ট কপির সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে।

ক) টাকা জমা দেয়ার রশিদ

খ) আবেদন ফরমে মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

নম্বর :

স্বাক্ষরিত ও-ক্রাফটের অনুলিপি দেয়া হলো:

০১। উপাধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর।

০২। আহ্বায়ক, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রাম ভর্তি কমিটি, এই কলেজ।

০৩। অফিস কপি।

২৪/১১/২০২৫
অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

কারমাইকেল কলেজ
রংপুর।

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।


আবেদন ফি জমাদান পদ্ধতি :

Biller ID: 360

Bill number: Admission Roll (#)

- ১) লগইন (Login) করতে হবে।
- ২) বিল-পে (Bill Pay)-সিলেক্ট করতে হবে
- ৩) বিলার আইডি (Biller ID) এর স্থানে 360 টাইপ করতে হবে
(এটি Principal Carmichael College Rangpur এর আইডি)।
- ৪) বিল নাম্বার (Bill Number) এর স্থানে অবশ্যই আবেদনকারীর
Admission Roll সাবধানতার সাথে টাইপ করতে হবে, কোন
ক্রমেই ভুল করা যাবে না।
- ৫) আবেদনকারীর নিজের মোবাইল হলে Self / অন্যের মোবাইল হলে
Others সিলেক্ট করতে হবে এবং মোবাইল নাম্বরের স্থানে
আবেদনকারীর নিজস্ব/অভিভাবকের সচল মোবাইল নম্বর দিতে হবে।
(এই মোবাইল নম্বরে কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনে যোগাযোগ
করবেন।)
- ৬) টাকার পরিমাণ অবশ্যই ৩০০/- (তিনশত) টাকা হতে হবে।
- ৭) সবশেষে বিল Submit করে PIN দিয়ে বিল প্রদান সম্পন্ন করতে
হবে।

বি.দ্র. ফি প্রদান সম্পন্ন হলে মোবাইলে Txn ID সম্বলিত একটি SMS
আসবে। উক্ত Txn ID টি ডাউনলোডকৃত আবেদন ফরমের উপরের
অংশে লিখতে হবে। (বিষয়টি অতীব জরুরী)।


২৪.০৬.২০২৫
অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ
রংপুর।